

বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক ডায়াগনস্টিক এক্সরে প্রতিষ্ঠানে বিকিরণ সুরক্ষার উপর বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের জন্য ১১৯ তম প্রশিক্ষণ কোর্স আয়োজন প্রসঙ্গে।

আগামী ২১-২২ এপ্রিল ২০২৬ইং তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অথরিটি ভবনে বিষয় ভিত্তিক একটি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণ কোর্সটিতে বাংলাদেশের বিভিন্ন জেলা ও উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ৩৫ (পঁয়ত্রিশ) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণের সুযোগ থাকবে। আপনার প্রতিষ্ঠানের অনুমোদিত/প্রস্তাবিত/বিকল্প RCO-কে প্রশিক্ষণ কোর্সের অংশগ্রহণের জন্য আবেদন ফরম Online এ পূরণ করে পাঠাতে হবে। উল্লেখ্য যে, Online ব্যতীত আবেদন গ্রহণযোগ্য হবে না। ১১৯ তম প্রশিক্ষণ কোর্সে আবেদনের লিংক (services.most.gov.bd) ও তথ্যাবলী www.baera.gov.bd ওয়েবসাইট এ পাওয়া যাবে।



পরিচালক

প্রশিক্ষণ ও নিবন্ধীকরণ বিভাগ

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ



বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮-০২-২২২২১৮৪৬২
ফ্যাক্স : ৮৮- ০২-২২২২১৮২১৫
ই-মেইল : info@baera.gov.bd
ওয়েবসাইট : www.baera.gov.bd

প্রশিক্ষণ ও নিবন্ধীকরণ বিভাগ

এক্স-রে বিকিরণ স্থাপনার বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের (RCOs) জন্য প্রশিক্ষণ কোর্স সংক্রান্ত তথ্যাবলী:

- ❖ **যোগ্যতা:** কমপক্ষে এস. এস. সি পাশ অথবা এক্স-রে বিকিরণ স্থাপনায় সংশ্লিষ্ট কাজে কমপক্ষে তিন বছরের অভিজ্ঞতা। উভয় ক্ষেত্রেই সনদ পত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- ❖ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করার জন্য প্রশিক্ষার্থীদের অবশ্যই **Online** এ আবেদন করতে হবে।
 - **Online** এ আবেদন করার জন্য প্রশিক্ষার্থীদের **Integrated Digital Service Delivery Platform (IDSDP)** অথবা services.most.gov.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে সকল তথ্য দিয়ে ব্যক্তিগত প্রোফাইল তৈরি করতে হবে।
 - এর পর **BAERA>RCO training Circular** এ গিয়ে **Apply** করতে হবে।
 - এর পর প্রশিক্ষণের জন্য নির্বাচিত হলে নির্ধারিত প্রশিক্ষণ ফি প্রদান করতে হবে।
- ❖ বর্তমানে প্রশিক্ষণ ফি: জনপ্রতি ৳৪,০০০/- (চার হাজার) টাকা মাত্র।
- ❖ **বাপশনিক প্রশিক্ষণ ফি** অথবা **BAPASHANIK PRASHIKHAN FEE** বরাবরে পে-অর্ডার-এর মাধ্যমে প্রশিক্ষণ ফি পরিশোধ করতে হবে।
- ❖ প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণে অংশগ্রহণের সার্টিফিকেট প্রশিক্ষার্থীদের ব্যক্তিগত **Online Profile** এ পাঠিয়ে দেয়া হবে। ব্যক্তিগত **Online Profile** থেকে সার্টিফিকেট **Download** করা যাবে।
- ❖ প্রশিক্ষণ শেষে পরবর্তীতে **RCO** পরীক্ষায় অংশ গ্রহণের জন্য অবশ্যই **Online** এ আবেদন করতে হবে।
 - **Integrated Digital Service Delivery Platform (IDSDP)** অথবা services.most.gov.bd এই ওয়েবসাইট থেকে **BAERA>RCO Exam Circular** এ গিয়ে **Apply** করতে হবে।
 - এর পর পরীক্ষার জন্য নির্বাচিত হলে পরীক্ষার প্রবেশপত্র (**Admit Card**) **Online Profile** এ পাঠিয়ে দেয়া হবে।
 - **Online Profile** থেকে পরীক্ষার প্রবেশপত্র (**Admit Card**) প্রিন্ট করে নেওয়া যাবে।
- ❖ পরীক্ষায় কৃতকার্য পরীক্ষার্থীদের **RCO Certificate** তাদের **Online Profile** এ পাঠিয়ে দেয়া হবে। পরীক্ষার্থীরা তাদের **Profile** থেকে **RCO Certificate** প্রিন্ট করে নিতে পারবে।
- ❖ পরীক্ষায় অকৃতকার্য হলে পরবর্তীতে ৫০০ (পাঁচশ) টাকা পরীক্ষার ফি বাবদ প্রদান করে আবার পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।
- ❖ প্রশিক্ষণ এর প্রথম দিন **সকাল ০৯:০০** ঘটিকায় রেজিস্ট্রেশনের জন্য ঢাকাস্থ বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ই-১২/এ, আগারগাঁও, ঢাকায় উপস্থিত থাকতে হবে।
- ❖ রেজিস্ট্রেশনের সময় প্রশিক্ষণ কোর্সের কর্মসূচীর কপিসহ কোর্স সংক্রান্ত দলিলাদি সরবরাহ করা হবে।
- ❖ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য কোন প্রকার যাতায়াত এবং দৈনিক ভাতা দেয়া হবে না।
- ❖ থাকার ব্যবস্থা প্রশিক্ষার্থীদের নিজ উদ্যোগে করতে হবে।
- ❖ নির্দিষ্ট সংখ্যক সীটের বিপরীতে আবেদন পত্র গ্রহণ করা হবে বিধায় যথাশীঘ্র আবেদন সম্পূর্ণ করে প্রশিক্ষণ ফি-সহ জমা দিতে হবে।